

**মাদ্রাসায় মহিলা শিক্ষকদের
 ২০% সংরক্ষিত পদে নিয়োগ
 কার্যকরে নির্দেশ দেয়া হয়েছে**

সংসদে শিক্ষামন্ত্রী

সংসদে রিপোর্টার : শিক্ষামন্ত্রী নূরুল ইসলাম নাহিদ বলেছেন, শিক্ষা মন্ত্রণালয়ের প্রজ্ঞাপন অনুযায়ী সরকার বেতনভাতা বৃদ্ধি করে এমন বেসরকারী মাদ্রাসায় মহিলা শিক্ষকদের জন্য শতকরা ২০ ভাগ সংরক্ষিত শিক্ষক পদ বিধান করেছে। তা কার্যকর করার জন্য প্রতিষ্ঠানগুলোকে নির্দেশ দেয়া হয়েছে এবং তা বাস্তবায়ন অব্যাহত রয়েছে। ২০ শতাংশ নারী শিক্ষক নিয়োগের ব্যাপারে কোনো ব্যত্যয় ঘটে থাকলে নিয়োগকারী কর্তৃপক্ষকে বিরুদ্ধে ব্যবস্থা নেয়ার সুযোগ রয়েছে। গতকাল (শুক্রবার) জাতীয় সংসদে আবুল কালাম আজাদের প্রশ্নের জবাবে মন্ত্রী এসব কথা বলেন। আসাদুজ্জামান খানের প্রশ্নের উত্তরে তিনি বলেন, ডাকসুসহ সব হলের ছাত্র সংসদ নির্বাচন অনুষ্ঠানের বিষয়ে স্ট্রিট শিকা প্রতিষ্ঠানের কর্তৃপক্ষ চিত্তাকর্ষক করেছে। এ বিষয়ে সব ছাত্র সংগঠনের সঙ্গে আলোচনা করে ব্যবস্থা গ্রহণ করা হবে। এরই মধ্যে কয়েকটি ছাত্র সংগঠনের সঙ্গে কর্তৃপক্ষ আলোচনা করেছে। তবে এ জন্য পাতিপূর্ণ পরিবেশ বজায় রাখতে সব ছাত্র সংগঠনের প্রতি আহ্বান জানিয়ে মন্ত্রী বলেন, 'গত সোমবার ঢাকা বিশ্ববিদ্যালয়ে ছাত্রদের সুই গ্রুপের সংঘর্ষে পরিবেশ উত্তর হয়ে উঠে। ডাকসু নির্বাচনের জন্য পাতিপূর্ণ পরিবেশ তৈরি করতে হবে। এ সংক্রান্ত এক সম্পূর্ণ 'গ্রন্থের উত্তরে তিনি বলেন, ঢাকা বিশ্ববিদ্যালয়ের ঘটনা সারা দেশের শিক্ষা প্রতিষ্ঠানে প্রভাবিত হতে পারে। একে শিক্ষা ও শিক্ষা প্রতিষ্ঠানগুলোর ছাত্র-ছাত্রী সংসদ নির্বাচনের পরিবেশ বিঘ্নিত হতে পারে। আশা করবো ছাত্র-শিক্ষক সর্বসঙ্গেই সুস্থ পরিবেশ বজায় রাখতে সচেষ্ট থাকবেন এবং তবেই সকল প্রতিষ্ঠানে নির্বাচন করা সম্ভব হবে।